



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd



স্মারক সংখ্যা-বিঅ-৬/৪৮

তারিখ : ১৫-০৪-২০২৪ খ্রি.

বিষয় : তদন্ত প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : ক) গত ২৫-০৩-২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৮৫ তম সভার আলোচ্যসূচির ০২ নং ক্রমিকের সিদ্ধান্ত।  
খ) ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব এস. এম. এ শোহেল-এর ২১-১২-২০২৩ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি- ২৩৬৯২)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৫-০৩-২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৮৫তম সভার ৮৫(২) নং আলোচ্যসূচির ০২ (দুই) নং ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী বাগেরহাট জেলার চিতলমারী উপজেলাবীন ডুমুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব এস, এম, এ শোহেল কর্তৃক একই বিদ্যালয়ের সাময়িক বরখাস্তকৃত সহকারী শিক্ষক জনাব উজ্জ্বল রায় (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) -এর বিরুদ্ধে দাখিলকৃত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অভিযোগের ছায়া কপি সংযুক্ত

উপজেলা নির্বাহী অফিসার  
চিতলমারী, বাগেরহাট

১৫-০৪-২০২৪

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

০২৪৭৭৬২৭০৫

স্মারক সংখ্যা-বিঅ-৬/৪৮(৭)

তারিখ : ১৫-০৪-২০২৪ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ২। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চিতলমারী, বাগেরহাট।
- ৪। সভাপতি, ডুমুরিয়া মাধ্যমিক বিদ্যালয়, ঝালোডাঙ্গা, চিতলমারী, বাগেরহাট।
- ৫। প্রধান শিক্ষক, ডুমুরিয়া মাধ্যমিক বিদ্যালয়, ঝালোডাঙ্গা, চিতলমারী, বাগেরহাট।
- ৬। জনাব উজ্জ্বল রায়, সাময়িক বরখাস্তকৃত সহকারী শিক্ষক, ডুমুরিয়া মাধ্যমিক বিদ্যালয়, ঝালোডাঙ্গা, চিতলমারী, বাগেরহাট।
- ৭। অফিস কপি।

১৫-০৪-২০২৪

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর



# ডুমুরিয়া মাধ্যমিক বিদ্যালয়

এমপিও কোড	৫৯০২০৬১৩০১
EIIN	১১৪৮৩৯

ডাকঃ বালোডাঙ্গা, থানাঃ চিতলমারী, জেলাঃ বাগেরহাট।

স্থাপিত : ১৯৬১ খ্রিঃ

মোবাসঃ ০১৭১১-১৫২৮৯৪

স্মারক নং : ডুমাবি-১১৩/২৩

তারিখ : ২০/১২/২০২৩ খ্রিঃ

প্রেরক : প্রধান শিক্ষক, ডুমুরিয়া মাধ্যমিক বিদ্যালয়, চিতলমারী, বাগেরহাট।

প্রাপক : চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

বিষয় : জনাব উজ্জ্বল রায় সহকারি শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) কে সাময়িক বরখাস্ত থেকে চূড়ান্ত বরখাস্ত করনের আবেদন।

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক সর্বিনয় নিবেদন এই যে, সাময়িক বরখাস্তকৃত জনাব উজ্জ্বল রায় সহকারি শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) এর বিরুদ্ধে নিম্নবর্ণিত জাল সনদ, অর্থ আত্মসাৎ ও অসদাচরনের অভিযোগ গুলি তদন্ত সাপেক্ষে তাকে চূড়ান্ত বরখাস্তের আবেদন করছি।

০১) একই প্রতিষ্ঠানে একই পদে তিনি ২(দুই) বার নিয়োগ নিয়েছেন। ২য় নিয়োগে তার সংশ্লিষ্ট বিষয়ে সনদ অর্জনের সময় কাল ২০১৪ খ্রিঃ। অপরদিকে ২০১৪ সালে তিনি ধারাবাহিকভাবে বিদ্যালয়ে উপস্থিত থেকে হাজিরা খাতায় স্বাক্ষর করছেন এবং কর্তৃপক্ষের বিনা অনুমতি ও ছুটি না নিয়ে প্রশ্নবিদ্ধ সনদ অর্জনকারী জনাব উজ্জ্বল রায় বিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রমের সাথে উপস্থিত থেকে কিভাবে 'সনদ অর্জন করলেন তা কর্তৃপক্ষের বোধগোম্য নয়। সনদ অর্জনে দেখা যায় তিনি উক্ত সময় দারুল এহসান বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছিলেন। কর্মস্থলে উপস্থিত থেকে একই সময় বিশ্ববিদ্যালয়ের অর্জিত সনদ জাল ছাড়া সঠিক হতে পারেনা।

০২) বিদ্যালয়ের আয় ব্যয় হিসাব রক্ষণাবেক্ষন কাজে SMC কর্তৃক দায়িত্বরত জনাব উজ্জ্বল রায় গত ০১/০৮/২০১৮ হতে ৩১/০৩/২০২০ খ্রিঃ পর্যন্ত বিদ্যালয়ের আভ্যন্তরীণ হিসাব নীরিক্ষা কমিটির প্রতিবেদন মতে দেখা যায় ১,৩৪,১৩৯/- (একলক্ষ চৌত্রিশ হাজার একশত উনচল্লিশ) টাকা তিনি বিদ্যালয়ের তহবিলে জমা না দিয়ে হস্তমজুদ রেখেছেন।

০৩) তাকে বহুবার নোটিস দেওয়ায় তিনি প্রত্যাখান করেছেন।

০৪) সাময়িক বরখাস্ত থাকাকালে পৃথক হাজিরা খাতায় স্বাক্ষর করে কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই বিদ্যালয় ত্যাগসহ কতিপয় শিক্ষকদের নিয়ে বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম ব্যহত করে বিদ্যালয়ের শিক্ষার পরিবেশ সম্পূর্ণরূপে ধ্বংস করেছেন।

০৫) তিনি অনুমতি বা ছুটি না নিয়ে অদ্যাবধি স্কুলে অনুপস্থিত রয়েছেন।

অতএব জনাব উল্লিখিত বিষয়ের আলোকে এবং আবেদনের মর্মানুযায়ী যাতে জনাব উজ্জ্বল রায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ গুলোর সত্যতা প্রমাণ সাপেক্ষে চূড়ান্তভাবে বরখাস্ত করা হয় তার বিহিত করতে জনাবের সদয় মর্জি হয়।

## সংযুক্তিঃ

- ১। মিঃ উজ্জ্বল রায়ের জাল সনদ ও মার্কসসীটের ফটোকপি।
- ২। শিক্ষক হাজিরা খাতার ফটোকপি।
- ৩। আভ্যন্তরীণ নিরীক্ষা কমিটির হিসাব প্রতিবেদন।
- ৪। তদন্ত কমিটির প্রতিবেদন।

বিনীত

শ্রী. এ. এ. এ. (স্বাক্ষর)  
২০-১২-২০২৩  
(এস. এম. এ. শোয়েল)  
ইপডেপ্স নং-২০২২০৮৪  
প্রধান শিক্ষক (জালসনদ)  
ডুমুরিয়া মাধ্যমিক বিদ্যালয়  
বালোডাঙ্গা, চিতলমারী, বাগেরহাট।  
মোবাসঃ ০১৭১১, ১৫২৮৯৪